ভোরের কাগজ 44

তারিখ ... JUN 1 8 1999 ..
পৃষ্ঠা 2 কলাম 2

—ভোরের কাগজ

# ৫ বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ, পাসের হার ৫৪.১৩%

কাগজ প্রতিবেদক : এ বছর সারাদেশে ৪ লাখ ৫৭ হাজার ছেলেমেয়ে এসএসসি পাস করেছে। পরীক্ষার্থী ছিল মোট ৮ লাখ ৪৪ হাজার। সারাদেশে পাসের হার ৫৪ দশমিক ১৩ শতাংশ। গতকাল বৃহস্পতিবার দেশের ৫টি শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষার ফল একযোগে প্রকাশিত হয়েছে।

বোর্ডভিত্তিক হিসাবে পাসের হার ঢাকায় ৫৩, কুমিল্লায় ৫৬ দশমিক ৩৮, রাজশাহীতে সর্বনিম্ন ৪৯ দশমিক ৪৩, যশোরে ৫৮ দশমিক ৭৫ এবং চট্টগ্রামে সর্বোচ্চ ৫৯ দশমিক ৮৬ শতাংশ। সারাদেশে উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ১ লাখ ৯৬ হাজার ২৬৩ জন প্রথম বিভাগে, ২ লাখ ২৪ হাজার ৮১৪ জন দ্বিতীয় বিভাগে, ৫ হাজার ৯১৩ জন তৃতীয় বিভাগে এবং ৩০ হাজার ২৬২ জন বিশেষ বিবেচনায় পাস করেছে। উল্লেখ্য, গত কয়েক বছর পর এবার আবার ৫ বোর্ডে ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই পরীক্ষায় নতুনদের সঙ্গে ১৯৯৭ সালের পুরোনো সিলেবাস অনুযায়ী অনিয়মিত পরীক্ষার্থীদেরও পরীক্ষা নেওয়া হয়। গত দুবারের অকৃতকার্যদের এটাই ছিল শেষ সুযোগ। এ কারণে এদের অনেককেই এবার বিশেষ বিবেচনায় পাস করানো হয়েছে।

**এক নজরে ৫ বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল**

| বোর্ড | পরীক্ষার্থী | মোট পাস | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | তৃতীয় বিভাগ | বিবেচনায় পাস | পাসের হার |
|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ২৩৫৬২৯ | ১২৪৮৮৫ | ৫৯০০৫ | ৫৬৬৫৫ | ১০৬৭ | ৮১৫৮ | ৫৩.০০ |
| কুমিল্লা | ১৪২৯৯১ | ৮০৬২২ | ৩৮০৮১ | ৩৩৯৭৪ | ৬৯৫ | ৭৮৭২ | ৫৬.৩৮ |
| রাজশাহী | ২৪৪৭৪৪ | ১২০৯৮৩ | ৪৮৫৮১ | ৬৪৪৮৮ | ১৭৩৪ | ৬১৮০ | ৪৯.৪৩ |
| যশোর | ১৫২৩৬৪ | ৮৯৫১৬ | ৩৫৫২৪ | ৪৬০২৬ | ১৪০২ | ৬৫৬৪ | ৫৮.৭৫ |
| চট্টগ্রাম | ৬৮৯০৬ | ৪১২৪৬ | ১৫০৭২ | ২৩৬৭১ | ১০১৫ | ১৪৮৮ | ৫৯.৮৬ |
| মোট | ৮৪৪৬৩৪ | ৪৫৭২৫২ | ১৯৬২৬৩ | ২২৪৮১৪ | ৫৯১৩ | ৩০২৬২ | ৫৪.১৩ |